নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বৃষ্টির জন্য দু‘আ করার উদ্দেশ্যে বের হলেন। অতঃপর কিবলামুখী হয়ে দু’আ করলেন। আর নিজের চাদর উল্টিয়ে নিলেন। অতঃপর তিনি দুই রাকআত সলাত আদায় করলেন। তাতে তিনি উঁচু আওয়াজে কিরাআত পড়লেন।

আবদুল্লাহ্ বিন যায়েদ বিন আসেম আল-মাযেনী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বৃষ্টির জন্য দু‘আ করার উদ্দেশ্যে বের হলেন। অতঃপর কিবলামুখী হয়ে দু’আ করলেন। আর নিজের চাদর উল্টিয়ে নিলেন । অতঃপর তিনি দুই রাকআত সলাত আদায় করলেন। তাতে তিনি উঁচু আওয়াজে কিরাআত পড়লেন। অপর শব্দে ঈদ গাহের দিকে বের হলেন। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আল্লাহ তাআলা তার বান্দাদের বিভিন্নভাবে পরীক্ষা করেন। যাতে তারা তাকে এককভাবে ডাকে এবং তার স্মরণ করে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যুগে যখন জমিন শুকিয়ে গেল তখন লোকেরা আল্লাহর কাছে পানি চাওয়ার উদ্দেশ্যে এবং আল্লাহর প্রতি মুখাপেক্ষিতা ও অসহায়ত্ব প্রকাশের মাধ্যমে অধিক নৈকট্য লাভের উদ্দেশ্যে ঈদ গাহে বের হলেন। দু’আ কবুলের আশায় তিনি কিবলামুখী হলেন এবং আল্লাহর কাছে দু’আ করতে লাগলেন। যাতে তিনি মুসলিমদের সাহায্য করেন এবং তাদের থেকে অনাবৃষ্টি ও দুর্ভিক্ষ দূর করেন। খরা থেকে উর্ভরতা এবং সংকীর্ণতা থেকে স্বচ্ছলতা দ্বারা তাদের অবস্থার পরিবর্তনের আশায় তিনি তার চাদর একদিক থেকে অপর দিকে পরিবর্তন করেন। তারপর তিনি তাদের নিয়ে দুই রাকআত ইস্তেস্কার সালাত আদায় করেন। তাতে তিনি উঁচু আওয়াজে কিরাআত পড়েন। কারণ, তা ছিল জামাআতবদ্ধ সালাত।

http://sunnah.global/hadeeth/bn/show/5274